

পাকিস্তানে ভারতের হামলা - মাঝপথে ঘুরে গেল বাংলাদেশগামী ২ ফ্লাইট

- A Monitor Desk Report

Date: 07 May, 2025



ঢাকাঃ ভারতের আকস্মিক মিসাইল হামলায় পাকিস্তানের আকাশসীমায় তৈরি হয়েছে তীব্র অনিশ্চয়তা। মঙ্গলবার (৬ মে) মধ্যরাতে পাকিস্তানের আজাদ কাশ্মিরের একাধিক স্থানে চালানো এ হামলার জেরে আকাশপথে নিরাপত্তা হুমকির মুখে পড়ে আন্তর্জাতিক উড়োজাহাজ চলাচল। তারই প্রভাবে বাংলাদেশগামী দুটি ফ্লাইট মাঝ আকাশ থেকেই ফিরে যেতে বাধ্য হয়।

ফ্লাইট দুটি হলো তুরস্ক থেকে ছেড়ে আসা তর্কিশ এয়ারলাইন্সের ফ্লাইট টিকে-৭১২ এবং কুয়েত সিটি থেকে ঢাকাগামী কুয়েত এয়ারওয়েজের ফ্লাইট জে-৯৫৩৩। উভয় ফ্লাইটেরই পাকিস্তানের আকাশপথ হয়ে ভারতের উপর দিয়ে বাংলাদেশে প্রবেশের কথা ছিল।

ফ্লাইট ট্র্যাকিং প্ল্যাটফর্ম ফ্লাইটরাডার২৪ জানিয়েছে, মাঝপথে সিদ্ধান্ত বদল করে তর্কিশ এয়ারলাইন্সের ফ্লাইটটি বাংলাদেশ না এসে ওমানের মাসকট আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। অন্যদিকে কুয়েত এয়ারওয়েজের ফ্লাইটটি দেড় ঘণ্টা আকাশে থাকার পর ফিরে যায় কুয়েত সিটিতে।

এ পরিস্থিতির মধ্যেও ঢাকা শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের সূত্র জানিয়েছে, মধ্যপ্রাচ্য থেকে আসা বেশ কয়েকটি ফ্লাইট পাকিস্তানের আকাশ ব্যবহার করে গন্তব্যে যাচ্ছে। এসব ফ্লাইটকে বিকল্প রুটে চালানো হচ্ছে, ফলে যাত্রায় বড় ধরনের কোনো বিঘ্ন ঘটেনি।

এদিকে বার্তা সংস্থা জানায়, ভারতের সশস্ত্র বাহিনী ‘অপারেশন সিঁদুর’ নামে সামরিক অভিযান শুরু করেছে। এর আওতায় পাকিস্তান ও পাকিস্তান অধিকৃত কাশ্মিরের নয়টি স্থাপনায় হামলা চালানো হয়। কাশ্মিরে বাড়তে থাকা উত্তেজনার প্রেক্ষাপটে পাকিস্তান আকাশসীমায় সতর্কতা জারি করে, যার প্রভাব পড়ে আন্তর্জাতিক আকাশপথে। ফলে আন্তর্জাতিক ফ্লাইট চলাচলেও দেখা দেয় বড় ধরনের ব্যাঘাত।

